# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬০৫]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪৮: ‘আরাফাতে যুহর ও আসর (সালাত) একত্রে আদায় করা

## الجمع بين الظهر والعصر بعرفة

---

আরবী

أَخْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ هَارُونَ، قال: حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، قال: حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ، عَنْ أَبِيهِ، أَنَّ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، قال: سَارَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَتَى عَرَفَةَ فَوَجَدَ الْقُبَّةَ قَدْ ضُرِبَتْ لَهُ بِنَمِرَةَ، فَنَزَلَ بِهَا حَتَّى إِذَا زَاغَتِ الشَّمْسُ أَمَرَ بِالْقَصْوَاءِ فَرُحِلَتْ لَهُ، حَتَّى إِذَا انْتَهَى إِلَى بَطْنِ الْوَادِي خَطَبَ النَّاسَ ثُمَّ أَذَّنَ بِلَالٌ ثُمَّ أَقَامَ فَصَلَّى الظُّهْرَ، ثُمَّ أَقَامَ فَصَلَّى الْعَصْرَ وَلَمْ يُصَلِّ بَيْنَهُمَا شَيْئًا .

تخريج دارالدعوه: وقد أخرجه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٢٦٢٩)، سنن الدارمی/المناسك ٣٤ (١٨٩٢)، ويأتي عند المؤلف برقم: (٦٥٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 605 ـ صحيح

বাংলা

৬০৪. ইবরাহীম ইবনু হারূন (রহ.) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ (সা.) - সফর করে যখন ’আরাফাতে আসলেন এবং “নামিরাহ্” নামক স্থানে তার জন্যে একটি তার জন্য একটি তাঁবু খাটানো হয়েছে দেখলেন। তখন তিনি সেখানে নামলেন। যখন সূর্য ঢলে পড়ল তখন তার নির্দেশে “কসওয়া” নামক উটের পিঠে হাওদা লাগানো হলো। তারপর তিনি (সা.) যখন “বাত্বনুল ওয়াদী” উপত্যকার মধ্যে পৌছলেন, তখন সেখানে সমবেত মানুষদের উদ্দেশে ভাষণ দিলেন। তারপর বিলাল (রাঃ) আযান ও ইকামত দিলেন। তারপর যুহরের সালাত আদায় করলেন, পুনরায় ইকামত বলার পরে ’আসর সালাত আদায় করলেন এবং এ দু’ সালাতের মাঝে তিনি আর কোন সালাত আদায় করেননি।

## English

48. Combining Zuhr and Asr At 'Arafah

Ja'far bin Muhammad narrated from his father that Jabir bin 'Abdullah said: The Messenger of Allah (ﷺ) traveled until he came to 'Arafah, where he found that the tent had pitched for him. He stayed there until the sun had passed its zenith, then he called for Al-Qaswa' which was saddled for him. When he reached the bottom of the valley he addressed the people. Then Bilal called the Adhan, then the Iqamah, then he prayed Zuhr, then he called the Iqamah, then he prayed 'Asr, and he did not offer any other prayer in between.

## ফুটনোট

সহীহ: মুসলিম ১২১৮ [এটি হজ্জ সংক্রান্ত জাবির (রাঃ) হতে বর্ণিত দীর্ঘ হাদীসের অংশবিশেষ]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86877

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন